ইত্তেফাক

27. FEB 20.3
২১ ... ২



সরিষাবাড়ী (জামালপুর) ঃ শ্রেণী কক্ষের অভাবে ছাত্র-ছাত্রীরা খোলা আকাশের নীচে মাটিতে বসে লেখাপড়া করছে —ইত্তেফাক

# সরিষাবাড়ী বাঘমারা প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা লেখাপড়া করে খোলা আকাশের নীচে

সরিষাবাড়ী (জামালপুর) থেকে সংবাদদাতা ॥ সরিষাবাড়ী উপজেলার সাতপোয়া ইউনিয়নে বাঘমারা বেসরকারী প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। এখানে ছোট একটি দোচালা ঘর আছে। ছাত্র-ছাত্রীদের বসার প্রয়োজনীয়সংখ্যক বেঞ্চ, চেয়ার, টেবিল ও বোর্ড নেই। এ ইউনিয়নের বেশির ভাগ বিদ্যালয়ের অবস্থা প্রায় একরূপ। স্কুলটিতে কর্তৃপক্ষের কোন নজর নেই। এখানে ছাত্র-ছাত্রী সংখ্যা ৪৬০ জন। উপস্থিতি সংখ্যা বেশী। শিক্ষক সংখ্যা ৪ জন। এখানে ১ ম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছেলে মেয়েরা এক সাথে ক্লাস করে। পায়খানা ও টিউবওয়েলের ব্যবস্থা নেই। শিক্ষকগণ প্রখর রোদে ছাতা মাথায় দিয়ে ক্লাস নেন। ছেলে-মেয়েরা খোলা আকাশের নীচে রোদে পুড়ে মাটিতে বসে ক্লাস করছে। বাঘমারা, নগদা, ধলাটী, হেলেঞ্চাবাড়ী, সোনাকান্দ ও শিতয়া-এই ৬টি গ্রামে শুধু এই ১টি স্কুল রয়েছে। বিদ্যালয়ের শিক্ষক, ম্যানেজিং কমিটির সভাপতি ও এলাকাবাসী জানায়, দীর্ঘদিন যাবৎ বিদ্যালয়টির বেহাল অবস্থার কারণে এলাকার শত শত ছেলে-মেয়েরা লেখাপড়া থেকে বঞ্চিত হচ্ছে। এলাকাবাসী জানায়, কয়েক দফা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হলেও কোন কাজ হয়নি। এদিকে শিক্ষক ও শিক্ষিকাগণ বেতন না পেয়ে মানবেতর জীবন যাপন করছে।